# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ঢাকা | 07 April, 2025

নারায়ণগঞ্জে বিশ্বব্যাপী নো ওয়ার্ক, নো স্কুল কর্মসূচির অংশ হিসেবে এবং ফিলিস্তিনে চলমান গণহত্যার প্রতিবাদে বিক্ষোভ কর্মসূচি পালন করেছেন বিভিন্ন রাজনৈতিক, অরাজনৈতিক সংগঠন।এসময় বিভিন্ন শ্রেনী পেশার মানুষ শহরের প্রানকেন্দ্র চাষাঢ়ায় চলমান গণহত্যা ও ইসরায়েলী বর্বরতা বন্ধের দাবী জানান

সোমবার (৭ এপ্রিল) নারায়ণগঞ্জ শহরের চাষাঢ়া এলাকা ঘুরে এ দৃশ্য দেখা গেছে।সকাল থেকেই নারায়ণগঞ্জের বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষার্থীরা চাষাঢ়া এলাকায় জড়ো হতে শুরু করেন।সড়কে অবস্থান নিয়ে বিশ্বব্যাপী হরতালের সমর্থনে বিক্ষোভ করেন তারা।এদিকে ফিলিস্তিনিদের প্রতি সমর্থন জানিয়ে নারায়ণগঞ্জের স্কুল, কলেজগুলোতে ক্লাশ ও পরীক্ষা বর্জন করেছেন শিক্ষার্থীরা।তবে নারায়ণগঞ্জের স্কুল কলেজগুলোতে শিক্ষার্থীদের উপস্থিতি ছিল চেখে পড়ার মত।

নারায়ণগঞ্জের সরকারি তোলারাম কলেজসহ বিভিন্ন কলেজে জাতীয়তাবাদী ছাত্রদল, ইসলামী ছাত্রশিবির, ছাত্র ফেডারেশনসহ ক্রিয়াশীল ছাত্র সংগঠনগুলোর পক্ষ থেকে নানা কর্মসূচি আয়োজন করা হয়েছে।কলেজ প্রাঙ্গনে বিক্ষোভ সমাবেশ, মিছিলসহ নানান কর্মসূচি পালন করেছে ছাত্র সংগঠনগুলো।অন্যদিকে ফিলিস্তিনিদের ওপর চলমান গণহত্যার প্রতিবাদে জামায়াতে ইসলামী, হেফাজতে ইসলাম, ইসলামী আন্দোলন বাংলাদেশসহ ইসলামী সংগঠনগুলোও নারায়ণগঞ্জে বিক্ষোভের ডাক দিয়েছেন।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:11

URL: https://www.timestodaybd.com/dhaka/443775807